**Office of the Registrar**
**Meherpur University**
**Temporary Office:** 4120, College Road, Meherpur Sadar, Meherpur-7100
**Email: meherpuruniversity@gmail.com**

**রেজিস্ট্রারের কার্যালয়**
**মেহেরপুর বিশ্ববিদ্যালয়**
**অস্থায়ী কার্যালয়:** ৪১২০, কলেজ রোড, মেহেরপুর সদর, মেহেরপুর-৭১০০
**Website: www.mum.ac.bd**

স্মারক নম্বর: মেবি/রেজি/প্রশাসন/২০২৬/২৩৬

তারিখ: ১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ / ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্তে বর্ণিত শর্তাধীনে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | রেজিস্ট্রার<br>গ্রেড-৩<br>(৫৬৫০০-৭৪৪০০/-) | ০১ | অনুর্ধ্ব ৫৫ বছর | (ক) প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রযোজ্য পদের সাথে সম্পর্কিত (relevant) বিষয়ে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেডের সিজিপিএ থাকতে হবে।<br>(খ) প্রার্থীকে কোনো স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রযোজ্য পদের সাথে সম্পর্কিত (relevant) ৪র্থ গ্রেডের পদে ০২ (দুই) বছর অথবা ৫ম গ্রেডের পদে ০৫ (পাঁচ) বছরসহ ১ম শ্রেণির পদে (৯ম গ্রেড ও তদুর্দ্ধ) মোট ১৬ (ষোল) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।<br>(ঘ) পাবলিক বিশ্ববিদ্যালয় এবং সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২. | পরিচালক, (অর্থ ও হিসাব) গ্রেড-৩<br>(৫৬৫০০-৭৪৪০০/-) | ০১ | অনুর্ধ্ব ৫৫ বছর | (ক) প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রযোজ্য পদের সাথে সম্পর্কিত (relevant) বিষয়ে তথা বাণিজ্য/ব্যবসা প্রশাসন হতে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেডের সিজিপিএ থাকতে হবে।<br>(খ) প্রার্থীকে কোনো স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রযোজ্য পদের সাথে সম্পর্কিত (relevant) ৪র্থ গ্রেডের পদে ০২ (দুই) বছর অথবা ৫ম গ্রেডের পদে ০৫ (পাঁচ) বছরসহ ১ম শ্রেণির পদে (৯ম গ্রেড ও তদুর্দ্ধ) মোট ১৬ (ষোল) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।<br>(ঘ) পাবলিক বিশ্ববিদ্যালয় এবং সরকারি আর্থিক বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ এফসিএ, এফসিএমএ ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০৩. | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ)<br>গ্রেড-৩<br>(৫৬৫০০-৭৪৪০০/-) | ০১ | অনুর্ধ্ব ৫৫ বছর | (ক) প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রযোজ্য পদের সাথে সম্পর্কিত (relevant) বিষয়ে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেডের সিজিপিএ থাকতে হবে। পুরকৌশল বিষয়ে ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>(খ) প্রার্থীকে কোনো স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রযোজ্য পদের সাথে সম্পর্কিত (relevant) ৪র্থ গ্রেডের পদে ০২ (দুই) বছর অথবা ৫ম গ্রেডের পদে ০৫ (পাঁচ) বছরসহ ১ম শ্রেণির পদে (৯ম গ্রেড ও তদুর্দ্ধ) মোট ১৬ (ষোল) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।<br>(ঘ) পাবলিক বিশ্ববিদ্যালয় এবং সরকারি প্রতিষ্ঠানের প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন এবং পিপিএ ও পিপিআর সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকতে হবে। |

**<u>নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী</u>**

১) আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পদের জন্য ০৫ (পাঁচ) সেট আবেদনপত্র আগামী ৩০/০৯/২০২৬ খ্রিষ্টাব্দের মধ্যে (অফিস চলাকালীন) রেজিস্ট্রার, মেহেরপুর বিশ্ববিদ্যালয়, ৪১২০, কলেজ রোড, মেহেরপুর সদর-৭১০০ ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে।
২) বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (www.mum.ac.bd)-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে।
৩) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে:
(ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি (খ) অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের ফটোকপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি রঙ্গিন ছবি (ঘ) জীবন বৃত্তান্ত ঙ) জাতীয় পরিচয়পত্র (চ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিক সনদপত্র।
৪) আবেদনপত্রের সাথে মেহেরপুর বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালি ব্যাংক পিএলসি'র যেকোনো শাখা থেকে ১,০০০/, পে-অর্ডার (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।
৫) চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। যে সকল সরকারি চাকরিজীবী প্রার্থী চাকরিরত অবস্থায় উক্ত প্রতিষ্ঠানের অনুমতি নিয়ে আবেদন করবেন, সে সকল প্রার্থীকে নিয়োগ বাছাই বোর্ডে অংশগ্রহণের জন্য উক্ত প্রতিষ্ঠান থেকে অনুমতিপত্র (NOC) আনতে হবে।
৬) প্রত্যেক প্রার্থীকে খামের উপরে পদের নাম এবং খামের বাম পাশে নিজ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
৭) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
০৮) আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
০৯) নিয়োগ পরীক্ষা/স্বাক্ষাৎকার গ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বাতিল বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১৫-০৯-২০২৬
✔ **রেজিস্ট্রার**
**মেহেরপুর বিশ্ববিদ্যালয়**